আজকের কাগজ

তারিখ ... 24 JAN 1994 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

20

## জরিপকারীদের খামখেয়ালীপনা ।। লোহাগড়ায় ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের সরকারি অনুদান বন্ধ

নড়াইল জেলার লোহাগড়া থানার ১০টি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সকল প্রকার সরকারি অনুদান ও বেতন প্রদান স্থগিত করা হয়েছে। ফলে এসব শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত প্রায় দেড় শতাধিক শিক্ষক- কর্মচারির ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে এবং এ সব পরিবারের শ' শ' মানুষ অসহায় অবস্থায় দিন কাটাচ্ছে। স্মরণ করা যেতে পারে ১৯৯৩ সালের মে মাসে সরকার বে-সরকারি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সমস্যা চিহ্নিতকরণের লক্ষ্যে সারাদেশে একটি জরিপ পরিচালনা করেন। জরিপকারীদের কার্যকলাপ সম্বন্ধে সে সময়ে বিভিন্ন পত্র-পত্রিকায় বহু অভিযোগ ছাপা হয়। লোহাগড়া থানার জরিপ সুপারভাইজারের খামখেয়ালীর কারণেই এ সব শিক্ষা প্রতিষ্ঠান অনিশ্চয়তার মুখে পড়েছে। জরিপকালে জরিপকারীদের অজ্ঞতার কারণে ১৯০০ সালে কোলকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃক স্থায়ী স্বীকৃতিপ্রাপ্ত ইতনা মাধ্যমিক বিদ্যালয়ের স্বীকৃতি নেই- এ ধরনের মন্তব্য করে অনুদান বন্ধের নির্দেশ দিয়েছে। যার স্মারক নং- ১৮৩০৫/১৮৮৫ তাং ১৫/১১/৯৩ইং এ সব শিক্ষা প্রতিষ্ঠানের অনুদান বন্ধের নির্দেশ স্থগিত করে সরকারি অনুদান ও বেতন দেয়ার জন্যে লোহাগড়া থানা শিক্ষক সমিতি জোর দাবি জানিয়েছে। লোহাগড়া থেকে শেখ আতাউর রহমান ফিরোজ।